

তারিখ: ৩০/০৯/২০২৪ খ্রি.


২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ শ্লিপের মেধা তালিকায়
স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি


রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ শ্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক অনলাইনে ভর্তি ফরম সংগ্রহ ও নির্ধারিত ভর্তি ফি জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। তবে এ মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের কোনো শিক্ষাকার্যক্রমে অধ্যয়নরত থাকলে অবশ্যই ০৭/১০/২০২৪ খ্রি. তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

শর্তাবলী:

- ভর্তি ফরম সংগ্রহ: শিক্ষার্থীকে ০১/১০/২০২৪ থেকে ০৭/১০/২০২৪ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions এর Applicant Login অপশনে ক্লিক করে Honours Login সিলেক্ট করে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দেয়ার পর ডাউনলোড করে আবেদন ফরমের প্রিন্টকপি সংগ্রহ করতে হবে।
- ভর্তি ফি জমাদানের পদ্ধতি:
(ক) শিক্ষার্থীকে ০১/১০/২০২৪ থেকে ০৭/১০/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name ও Password দিয়ে <https://rangamaticollege.eshiksaems.com> -এ Login করে ভর্তি ফি জমা দিতে হবে।
User Name: **rangamatistudent**
Password: **rangamatistudent**
(খ) Education Management System এর Admission -এ গিয়ে Click for New Admission ক্লিক করার পর Select Group অপশন থেকে Hons, Select Department অপশন থেকে ভর্তিচ্ছু বিভাগ সিলেক্ট করতে হবে এবং Admission Roll এন্ট্রি দিয়ে Check for Admission ক্লিক করতে হবে। পর্যায়ক্রমে চাহিত তথ্য সঠিকভাবে পূরণ করে Save বাটনে ক্লিক করলে ভর্তি ফিসহ আবেদন ফরম প্রদর্শিত হবে।
(গ) শিক্ষার্থীর ভর্তির Session, Admission Roll এন্ট্রি দিয়ে Pay through Sonali Pay ব্যবহার করে যেকোন মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শ্রেণির রোল নম্বর আসবে এবং শিক্ষার্থী/অভিভাবক এর মোবাইল নম্বরে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন সংক্রান্ত SMS যাবে।
(ঘ) সর্বশেষ শিক্ষার্থীকে Application Form Reprint এবং Print Receipts ক্লিক করে Admission Roll এন্ট্রি দিয়ে পূরণকৃত ভর্তি ফরম এবং Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
- নিম্নোক্ত কাগজপত্রাদি আগামী ০৭/১০/২০২৪ খ্রি. তারিখ সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে-
(ক) অনলাইনে পূরণকৃত ভর্তির আবেদন ফরম;
(খ) ভর্তি ফরম এবং ফি পরিশোধের Payslip এর মূলকপি;
(গ) এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র;
(ঘ) এসএসসি ও এইচএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ১ সেট;
(ঙ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ২ কপি ও স্ট্যাম্প সাইজের ছবি- ২ কপি।
- ফি'র পরিমাণ নিম্নরূপ:

বিভাগ	ভর্তি ও অন্যান্য ফি এর পরিমাণ
বিএ/বিএসএস/বিবিএ (অনার্স)	৫,২০১/-
বিএসসি (অনার্স)- পদার্থবিজ্ঞান/প্রাণিবিদ্যা/উদ্ভিদবিজ্ঞান	৫,৯২১/-
বিএসসি (অনার্স)- গণিত	৬,০৭১/-


অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


আহ্বায়ক
৩০.০৯.২৪
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি/২০২৩-২৪
রাঙ্গামাটি সরকারি কলেজ

বিতরণ:

- উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- বিভাগীয় প্রধান, (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি;
- হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে এ বিজ্ঞপ্তি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- সংরক্ষণ নথি।